



রাজশাহী বিশ্ববিদ্যালয়

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২০-২০২১

নোটিশ

A ইউনিটের (কলা, আইন, সামাজিক বিজ্ঞান, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের বিএফএ (সম্মান) ভর্তি পরীক্ষায় চারুকলা অনুষদের উত্তীর্ণ পরীক্ষার্থীদের মধ্য থেকে ব্যবহারিক পরীক্ষার পর চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হলো। প্রকাশিত ফলাফলের মধ্য থেকে মেধা অনুসারে তাদের রোল নম্বরের পাশে উল্লেখিত বিভাগে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনয়ন দেয়া হলো। মনোনীত পরীক্ষার্থীদেরকে আগামী ১ নভেম্বর ২০২১ থেকে ৪ নভেম্বর ২০২১ সকাল ১০টা থেকে বিকেল ৪টার মধ্যে চারুকলা অনুষদ অফিসে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে না পারলে A ইউনিটে তাদের ভর্তির মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

উল্লেখ্য যে, গ্রাফিক ডিজাইন, কারুশিল্প ও শিল্পকলার ইতিহাস বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীরা অটো মাইগ্রেশন-এর আওতায় আসবেনা।

আসন ফাঁকা থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা থেকে মেধানুসারে পর্যায়ক্রমে ভর্তির জন্য প্রার্থী নির্বাচন করা হবে এবং নির্বাচিত তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (admission.ru.ac.bd) আগামী ০৫.১১.২০২১ তারিখে প্রকাশ করা হবে।

ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

- ১। অনলাইনে <http://admission.ru.ac.bd>-তে ১ নভেম্বর ২০২১ সকাল থেকে ভর্তি ফরম পূরণ করতে হবে। পরীক্ষার্থীদের নিজে অনলাইনে পূরণকৃত ফরমটি অফসেট কাগজে তিন কপি প্রিন্ট নিয়ে স্বাক্ষর করে A4 সাইজের খামে পরীক্ষার্থীর নাম, বিভাগের নাম, রোল নম্বর লিখে অনুষদ অফিসে জমা দিতে হবে।
- ২। ওয়েবপেজে প্রদত্ত পদ্ধতিতে ভর্তি বাবদ প্রয়োজনীয় টাকা জমা দিতে হবে। [ভর্তি ফি জমা দেয়ার বিস্তারিত পদ্ধতি <http://admission.ru.ac.bd> ও [online admission guideline](#) থেকে জানা যাবে]
- ৩। ভর্তি পরীক্ষার প্রবেশপত্র, এস.এস.সি./সম্মান ও এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল মার্কশীট এবং এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড জমা দিতে হবে।
- ৪। কাগজপত্র সন্তোষজনক হলে স্বাক্ষরিত ভর্তি ফরমের দুই কপি, এস.এস.সি ও এইচ.এস.সি মূল মার্কশীট, এইচ.এস.সি./সম্মান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং অনুষদ উন্নয়ন ফি বাবদ ১,৭০০.০০ (এক হাজার সাতশত) টাকা কলা অনুষদ অফিসের একাউন্টে জমা দিতে হবে।

প্রকাশিত ফলাফলে কোন প্রকার ভুল-ত্রুটি/অসঙ্গতি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের থাকবে।


৩২/১০/২১

(প্রফেসর ড. মো. ফজলুল হক)

ডীন, কলা অনুষদ

ও

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট : A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা, ২০২০-২০২১

রাজশাহী বিশ্ববিদ্যালয়।